



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/

তারিখ: ১৭/১০/২০২৫ খ্রি.

প্রেস রিলিজ

কুবিতে শুরু হয়েছে চতুর্থ বিএসএসসিআর কনফারেন্স

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ এবং বাংলাদেশ সোসাইটি ফর দ্য স্টাডি অফ কালচার এন্ড রিলিজিয়ন (বিএসএসসিআর) এর যৌথ আয়োজনে শুরু হয়েছে তিন দিনব্যাপী ‘সাইন্স, স্পিরিচুয়ালিটি অ্যান্ড স্যান্টিটি’ শীর্ষক চতুর্থ কনফারেন্স।

শুক্রবার (১৭ অক্টোবর) সকাল ১০টায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক এবং সামাজিক বিজ্ঞান অনুষদের হলরুমে এই কনফারেন্স অনুষ্ঠিত হয়।

কনফারেন্সের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপ- উপাচার্য প্রফেসর ড. মাসুদা কামাল ও ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান, বিএসএসসিআরের সভাপতি প্রফেসর ড. নাজমা খান মজলিশ। সম্মেলনে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর ড. শাহনাজ হুসনে জাহান এবং কো- চেয়ার হিসেবে আছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন।

প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. হায়দার আলী বলেন, ‘বাংলাদেশ এবং বিভিন্ন বিদেশী রাষ্ট্রের গবেষকদেরকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে স্বাগত জানাচ্ছি। কয়েক মাস আগেও আমাদের বিশ্ববিদ্যালয়ে আরেকটি সম্মেলন হয়েছিল এবং আপনাদের অনেকেই উপস্থিত ছিলেন। এই ধরনের আয়োজন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক গুণগত মান এবং গবেষণার মানকে উন্নত করবে। আজকের এই কনফারেন্সের সংবাদ পৃথিবীর ৬০০ শত বিশ্ববিদ্যালয়ে পৌঁছে যাবে। এটি কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের জন্য একটি বিরল সুযোগ।’

বিশেষ অতিথি মাননীয় উপ- উপাচার্য প্রফেসর ড. মাসুদা কামাল বলেন, ‘কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এই আন্তর্জাতিক সম্মেলনের মূল প্রতিপাদ্য বিষয় হলো ‘বিজ্ঞান, আধ্যাত্মিকতা ও পবিত্রতা’ যা মানবজাতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ জ্ঞান সৃষ্টির বিষয়। গবেষণায় যখন এই তিনটি বিষয় একসাথে কাজ করে, তখন মানবতা কেবল প্রযুক্তিতে নয়, বরং শান্তি, জ্ঞান এবং সত্যতার ক্ষেত্রেও এগিয়ে যায়। তিনি আরও বলেন, ভাল মানুষ হতে হলে অবশ্যই বিবেকবুদ্ধি সম্পন্ন হতে হবে। সম্মানবোধ থাকতে হবে নিজের প্রতি, অন্যের প্রতি এবং শ্রদ্ধাশীল হতে হবে নিজের স্বাধীনতার প্রতি। আমি কনফারেন্সের সফলতা কামনা করছি। আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গবেষণা শিখার ও বুঝার জন্য এবং জাতির জন্য কাজ করার এরকম কনফারেন্স খুবই গুরুত্বপূর্ণ।’

বিশেষ অতিথি মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান বলেন, ‘কেবল ডিগ্রিলাভই আমাদের উদ্দেশ্য নয়, বরং আন্তরিকতা ও নিষ্ঠার সাথে গবেষণালব্ধ জ্ঞানকে বাস্তবে প্রয়োগ করতে হবে। তবে গবেষণাটি হতে হবে সমাজের সাথে সম্পর্কিত। তিনি বলেন, গবেষণার সফলতা তার প্রকাশের সংখ্যার উপর নির্ভর করে না, বরং দেশের আর্থ- সামাজিক উন্নয়নে তার বাস্তব প্রয়োগের উপর নির্ভর করে। গবেষণার ফল যেন কেবল গ্রন্থাগারের তাকে বন্দি না হয়ে থাকে, সেজন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন ও সরকারের পক্ষ থেকে কার্যকর উদ্যোগ নেওয়া জরুরি।’

উল্লেখ্য, গতকাল বৃহস্পতিবার (১৬ অক্টোবর) বিকেলে গবেষক ও অতিথিদের জন্য ইটাখোলা মুড়া, রূপবান মুড়া পরিদর্শনের মাধ্যমে প্রি- কনফারেন্স ট্যুরের আয়োজন করা হয়। সন্ধ্যায় বিএসএসসিআর নির্বাহী কমিটির সভা ও আলোকচিত্র প্রদর্শনী এবং প্রি- প্রেসকনফারেন্স অনুষ্ঠিত হয়।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি